# কুলাউড়া পৌরসভা কার্যালয়

কুলাউড়া, মৌলভীবাজার।

ফোন-০৮৬২৪-৫৬২৫২


স্মারক নং-৪৬.০৩.৫৮৬৫.১১৪.০০.০০২.২৬- ৯৯৫ তাং-১৫/০২/২০২৬ খ্রিঃ।

## ইজারা দরপত্র বিজ্ঞপ্তি নং-০৫/২০২৫-২০২৬

## "হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুলাউড়া পৌরসভার নিম্নবর্ণিত হাট বাজার সমূহ ১৪৩৩ বাংলা সনের ইজারা প্রদানের তারিখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত সিডিউল মোতাবেক উল্লেখিত শর্তাবলীসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১। সিডিউল প্রাপ্তির স্থান ঃ-
(ক) কুলাউড়া পৌরসভা কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।
(খ) জেলা প্রশাসকের কার্যলিয়, স্থানীয় সরকার শাখা, মৌলভীবাজার।
(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।
(ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।
(ঙ) অফিসার ইনচার্জ এর কার্যালয়, কুলাউড়া থানা, মৌলভীবাজার।
(চ) সোনালী ব্যাংক, কুলাউড়া শাখা।

২। দরপত্র দাখিলের স্থান ঃ-
(ক) কুলাউড়া পৌরসভা কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।
(খ) জেলা প্রশাসকের কার্যলিয়, স্থানীয় সরকার শাখা, মৌলভীবাজার।
(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।
(ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার।
(ঙ) পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার।

৩। দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ-

| পর্যায় সংখ্যা | দরপত্র ফরম বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৩-মার্চ-২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ০৪-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত। | ০৪-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা | --- |
| ২য় পর্যায় | ১১-মার্চ-২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ১২-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত। | ১২-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা | ১ম পর্যায়ে ইজারা না হওয়া হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৩য় পর্যায় | ২৪-মার্চ-২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ২৫-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত। | ২৫-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা | ২য় পর্যায়ে ইজারা না হওয়া হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৪র্থ পর্যায় | ৩০-মার্চ-২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ৩১-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত। | ৩১-মার্চ-২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা | ৩য় পর্যায়ে ইজারা না হওয়া হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৫ম পর্যায় | ০৬-এপ্রিল-২০২৬ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ০৭-এপ্রিল-২০২৬ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত। | ০৭-এপ্রিল-২০২৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা | ৪র্থ পর্যায়ে ইজারা না হওয়া হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |

### ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা :-

| ক্রমিক নং | হাট-বাজারের নাম ও অবস্থান | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য (টাকা) | সরকারি মূল্য (টাকা) | সিডিউল মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | বাদশাগঞ্জ বাজার, উত্তরবাজার, কুলাউড়া পৌরসভা। | ২৩,৭৭,৫০০.০০ | ২৫,২০,১৫০.০০ | ৫,৮০০.০০ |
| ০২ | থানা বাজার, দক্ষিণবাজার, কুলাউড়া পৌরসভা। | ১৯,৩৫,৬৮৪.০০ | ২০,৫১,৮২৫.০০ | ৪,৮০০.০০ |
| ০৩ | পৌরসভার পশুর হাট, স্কুল চৌমুহনী, কুলাউড়া পৌরসভা। | ৮,৯৪,৮৩৪.০০ | ৯,৪৮,৫২৪.০০ | ২,৬০০.০০ |

চলমান পাতা-২

## ১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, কুলাউড়া পৌরসভা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় দরপত্রের সহিত জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপরে দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে ।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫.২.২৬

(মোঃ মহিউদ্দিন)
প্রশাসক
কুলাউড়া পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার।

চলমান পাতা-৩